ISO 9001:2015 Certified

**চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১**
পটিয়া, চট্টগ্রাম
ইমেইল: ctgpbs1@yahoo.com. ওয়েব: pbs1.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০২.০১৯.২৩. ৫৮৮৭ তারিখঃ ১৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর, ২০২৩ খ্রি.

**বিষয়ঃ- কর্মকর্তা/ কর্মচারীগণের গোষ্ঠী সাময়িক জীবন বীমার পুনঃ দরপত্র (RFQ) আহবান প্রসঙ্গে।**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মকর্তা/কর্মচারীগণের জন্য আগামী ০৩(তিন) বছর মেয়াদী গোষ্ঠী সাময়িক জীবন বীমার চুক্তি সম্পাদন করা হবে। গোষ্ঠী সাময়িক জীবন বীমা করতে আগ্রহী বাংলাদেশ সরকারের অনুমোদিত বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সংযুক্ত তালিকা অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্র নং | বীমার বিবরণ | কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা | মোট বীমা অংক (টাকা) | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার (টাকা) | মোট বার্ষিক প্রিমিয়াম (টাকা) |
| RFQ-১৯/২০২৩-২০২৪ | ১ | বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অথবা ৫ লক্ষ টাকা এর মধ্যে যা কম। (গ্রুপ সাময়িক জীবন বীমা; সর্ব প্রকার মৃত্যুর ঝুঁকি; স্থায়ী, আংশিক অঙ্গহানী বীমা) | ৪৭৭ জন | ২৩,৭১,৫৩,৬০০.০০ | | |
| | | | | | মোট= | |

**শর্তাবলীঃ-**

১. আগ্রহী দরদাতাগণ আগামী ০৯-১১-২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র অত্র সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার এর বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনেই বেলা ১২-০৫ ঘটিকায় দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পর এবং ডাকযোগে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২. দরপত্রে উদ্ধৃত প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রের প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার মোট বার্ষিক প্রিমিয়াম উদ্ধৃত দরের মধ্যে গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।

৩. দরপত্র মূল্যায়নের পর রেসপনসিভ এবং সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সাথে ০৩(তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করতে হবে। পূর্ববর্তী বছরের বীমা সেবা সন্তোষজনক বিবেচনায় প্রতি বছর ভিত্তিতে বীমার প্রিমিয়াম পরিশোধ করা হবে।

৪. দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে "গোষ্ঠী সাময়িক জীবন বীমা পুনঃ দরপত্র" কথাটি লিখতে হবে।

৫. দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট এবং আয়কর সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।

৬. দরদাতা প্রতিষ্ঠানকে স্টক এক্সচেঞ্জের হালনাগাদ তালিকাভুক্ত সদস্য হতে হবে এবং লেনদেনের হালনাগাদ তথ্য দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. দরপত্র সঠিকভাবে পূরণ করে জীবন বীমা প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্রে স্বাক্ষর করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৮. সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা জীবন বীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। গ্রুপবীমা চুক্তি সম্পাদনের পর দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

৯. অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ কর্মকালে মৃত্যু বরণ করলে তাঁর উত্তরাধিকারগণ-কে সর্বশেষ মাসের মূল বেতনের ২৪ গুন অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/=(পাঁচ লক্ষ) টাকা জীবন বীমা প্রতিষ্ঠানকে দ্রুততার সাথে মৃত দাবী হিসেবে পরিশোধ করতে হবে।

১০. প্রতি বছর বীমা প্রিমিয়াম পরিশোধ করা হবে। তবে প্রথম বছরের কোন ক্ষতিপূরণ (ক্লেইম) না থাকলে দ্বিতীয় বছর প্রিমিয়াম প্রাপ্তির পূর্বে নো ক্লেইম বোনাস প্রদান করতে হবে। অনুরূপভাবে দ্বিতীয় ও তৃতীয় বছরেও নো ক্লেইম বোনাস প্রদান করতে হবে।

১১. প্রতিষ্ঠানে নতুন কোন কর্মকর্তা/কর্মচারী যোগদান অথবা চাকুরী স্থানান্তরের কারণে অত্র পবিসে বদলী করা হলে তাদেরকে উক্ত গোষ্ঠী সাময়িক জীবন বীমার আওতায় আনা হবে। অত্র পবিস এর গোষ্ঠী সাময়িক জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা/ কর্মচারী অন্য পবিসে বদলী হলে তিনিও ক্রমিক নং- ০৯ এ বর্ণিত সুবিধা পাবেন।

১২. চট্টগ্রাম পবিস-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩. দরপত্রে উল্লেখ নেই এমন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/১১/২৩

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)

১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------------------১/২/৩/৪।
৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পটিয়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/সাতকানিয়া/আনোয়ারা /বাঁশখালী/ কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।
৯। ডিজিএম, লোহাগাড়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/আনোয়ারা/বাঁশখালী/ সাতকানিয়া জোনাল অফিস/সদর-কারিগরী, চট্টগ্রাম পবিস-১।
১০। এজিএম, (অর্থ-হিসাব), চট্টগ্রাম পবিস-১।
১১। এজিএম, আইটি-১/২ (পবিসের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন)।
১২। মেসার্স------------------------------------------------------------।
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

০২/১১/২৩

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

H:\Tender-2022\Tender-22.-23.docx-০২-১১-২৩.docx..docx